তারিখ : ১১ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ
২৪ ফেব্রুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

নম্বর : ১০.০০.০০০০.১২৫.০৮.০০৫.২১.১৩৭/১(১২)

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ, রংপুর/ ঝালকাঠি/পিরোজপুর।
৩। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
৪। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, বরিশাল/খাগড়াছড়ি/মুন্সীগঞ্জ/কিশোরগঞ্জ/গাজীপুর।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৬। বেগম
৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় , হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৮। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বরিশাল।
৯। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, রংপুর/ঝালকাঠি/পিরোজপুর/খাগড়াছড়ি/মুন্সীগঞ্জ/কিশোরগঞ্জ/গাজীপুর।
১০। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১১। গার্ড ফাইল।
১২। অফিস কপি।

28/02/2022
(মোর্শেদ আল মামুন ভুঁইয়া)
সিনিয়র সহকারী সচিব

Scanned with CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-১
www.lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.১২৫.০৮.০০৫.২১.১৩৭

তারিখ : ১১ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ
২৪ ফেব্রুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

## প্রজ্ঞাপন

বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের অনুকূলে Bangladesh Service Rules (Part-I) এর Rule 197 (1) এবং অর্থ মন্ত্রণালয়ের গত ০৯/০১/২০১১ খ্রিঃ তারিখের এস, আর, ও নং ০৫/নথি নং-০৭.১৭৫.০০৮. ০৮.০০.০০১.২০০০/ আইন/২০১১ অনুযায়ী তাঁদের নামের পাশে ৩ নং কলামে উল্লিখিত সময়ের জন্য পূর্ণগড় বেতনে মাতৃত্বকালীন ছুটি মঞ্জুর করা হলো :

| নং | কর্মকর্তার নাম ও পদবি | মঞ্জুরিকৃত ছুটি |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. | বেগম রেনেসাঁ খান<br>জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, বরিশাল<br>(সাবেক সহকারী জজ, পটুয়াখালী) | ২২/১১/২০২১ তারিখ হতে ২১/০৫/২০২২ তারিখ পর্যন্ত ০৬ (ছয়) মাসের প্রথম মাতৃত্বকালীন ছুটি |
| ২. | বেগম তাফরিমা তাবাসুম<br>জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, খাগড়াছড়ি<br>(সাবেক সহকারী জজ, লক্ষীপুর) | ০১/০১/২০২২ তারিখ হতে ৩০/০৬/২০২২ তারিখ পর্যন্ত ০৬ (ছয়) মাসের প্রথম মাতৃত্বকালীন ছুটি |
| ৩. | বেগম নাজমিন আক্তার<br>জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, মুন্সীগঞ্জ | ২৬/১২/২০২১ তারিখ হতে ২৫/০৬/২০২২ তারিখ পর্যন্ত ০৬ (ছয়) মাসের ২য় মাতৃত্বকালীন ছুটি |
| ৪. | বেগম মোছাঃ আয়শা আক্তার<br>সহকারী জজ, রংপুর | ০১/০১/২০২২ তারিখ হতে ৩০/০৬/২০২২ তারিখ পর্যন্ত ০৬ (ছয়) মাসের প্রথম মাতৃত্বকালীন ছুটি |
| ৫. | বেগম জিন্নাত আরা আক্তার<br>জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কিশোরগঞ্জ | ০৪/০১/২০২২ তারিখ হতে ০৩/০৭/২০২২ তারিখ পর্যন্ত ০৬ (ছয়) মাসের প্রথম মাতৃত্বকালীন ছুটি |
| ৬. | বেগম তানিয়া আক্তার<br>জেলা লিগ্যাল এইড অফিসার, মাদারীপুর | ০৫/১২/২০২১ তারিখ হতে ০৫/০৬/২০২২ তারিখ পর্যন্ত ০৬ (ছয়) মাসের প্রথম মাতৃত্বকালীন ছুটি |
| ৭. | বেগম শেখ নাজমুন নাহার<br>জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, গাজীপুর | ২৩/০১/২০২২ তারিখ হতে ২২/০৭/২০২২ তারিখ পর্যন্ত ০৬ (ছয়) মাসের দ্বিতীয় মাতৃত্বকালীন ছুটি |
| ৮. | বেগম সারাহ ফারজানা হক<br>সহকারী জজ, ঝালকাঠি | ১৪/০১/২০২২ তারিখ হতে ১৩/০৭/২০২২ তারিখ পর্যন্ত ০৬ (ছয়) মাসের প্রথম মাতৃত্বকালীন ছুটি |
| ৯. | বেগম শারমিন আক্তার<br>সহকারী জজ, পিরোজপুর | ০২/১২/২০২১ তারিখ হতে ১৫/০৫/২০২২ তারিখ পর্যন্ত ০৫ মাস ১৩ দিনের প্রথম মাতৃত্বকালীন ছুটি |

রাষ্ট্রপতির আদেশক্রমে,

28/02/2022

(শেখ গোলাম মাহবুব)
উপসচিব (প্রশাসন-১)
ফোন: ৯৫৪০৮৮৬

Scanned with CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গংগাচড়া সহকারী জজ আদালতের কার্যালয়,
রংপুর।

স্মারক নং- ৩৯/২২

তারিখঃ ৩১ মে, ২০২২ খ্রিস্টাব্দ।
১৭ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ।

প্রেরকঃ- মোছাঃ আয়শা আক্তার
সহকারী জজ
রংপুর।

প্রাপকঃ- মাননীয় সচিব
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মাধ্যমঃ- মাননীয় রেজিস্ট্রার জেনারেল,
বাংলাদেশ সুপ্রীম কোর্ট,
ঢাকা।

মাধ্যমঃ- মাননীয় সিনিয়র জেলা ও দায়রা জজ,
রংপুর।

বিষয়ঃ ৪৫ ও ৪৬ তম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের সম্ভাব্য মনোনয়ন হতে নাম কর্তন প্রসঙ্গে।

মহোদয়

যথাযথ সম্মান জ্ঞাপন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি গত ১৬/০৩/২০২১ খ্রিঃ তারিখ হতে রংপুর জেলা ও দায়রা জজ আদালতে সহকারী জজ হিসেবে দায়িত্ব কর্মরত আছি। আগামী মাস (জুন, ২০২২) হতে ০২ (দুই) মাস ব্যাপী ৪৫ ও ৪৬ তম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের কার্যক্রম অনুষ্ঠিত হতে যাচ্ছে। উক্ত কোর্সে অংশগ্রহণের জন্য আমাকে মনোনয়ন প্রদানের সম্ভাবনা রয়েছে। বর্তমানে আমি আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, আইন ও বিচার বিভাগ, বিচার শাখা-১ এর গত ২৪/০২/২০২২ খ্রিঃ তারিখের ১০.০০.০০০০.১২৫.০৮.০০৫. ২১.১৩৭ নং বিজ্ঞপ্তি মোতাবেক গত ০১/০১/২০২২ খ্রিঃ তারিখ হতে ৩০/০৬/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৬(ছয়) মাসের মাতৃত্বকালীন ছুটিতে আছি। এছাড়া আমি থাইরয়েড জনিত সমস্যার কারণে শারীরিকভাবে অসুস্থ। এমতাবস্থায় আগামী ৪৫ ও ৪৬ তম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের সম্ভাব্য মনোনয়ন হতে আমার নাম কর্তন করা একান্ত প্রয়োজন।

অতএব, বিনীত নিবেদন এই যে, আগামী ৪৫ ও ৪৬ তম বিশেষ বুনিয়াদি বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের সম্ভাব্য মনোনয়ন হতে নাম কর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে পরবর্তীতে যে কোন সময়ে উক্ত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের অনুমতি প্রদান করতে মহোদয়ের সদয় মর্জি হয়।

আপনার একান্ত অনুগত

Aisha

(মোছাঃ আয়শা আক্তার)
সহকারী জজ
রংপুর।
১২শ বিজেএস, মেধাক্রম-১৮
ই-মেইলঃ- aishaakter.law@gmail.com

সংযুক্তি ঃ
১। আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, আইন ও বিচার বিভাগ, বিচার শাখা-১ এর গত ২৪/০২/২০২২ খ্রিঃ তারিখের ১০.০০.০০০০.১২৫.০৮.০০৫. ২১.১৩৭ নং বিজ্ঞপ্তির ফটোকপি- ০১ ফর্দ।

Scanned with CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ও দায়রা জজের কার্যালয়
রংপুর।

স্মারক নং ঃ জেঃজঃরং ২২৭ /২০২২ তারিখ ঃ ৩১/০৫/২০২২ খ্রিঃ।

প্রেরক ঃ মোঃ শহীদুল ইসলাম
সিনিয়র জেলা ও দায়রা জজ
রংপুর।

প্রাপক ঃ মাননীয় সচিব
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মাধ্যম ঃ মাননীয় রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

বিষয় ঃ রংপুর জজশীপের গঙ্গাচড়া সহকারী জজ আদালতের বিচারক মোছাঃ আয়েশা আক্তার এর ৪৫ ও ৪৬ তম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের সম্ভাব্য মনোনয়ন হতে নাম কর্তনের আবেদন অগ্রগামীকরণ প্রসঙ্গে।

সূত্র ঃ গংগাচড়া সহকারী জজ আদালতের কার্যালয়ের ৩১/০৫/২০২২ খ্রিঃ তারিখের ৪০/২০২২ নং স্মারক।

মহোদয়

যথাযথ সম্মান প্রদর্শন পূর্বক উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানাইতেছি যে, রংপুর জজশীপের গঙ্গাচড়া সহকারী জজ আদালতের বিচারক মোছাঃ আয়েশা আক্তার ৪৫ ও ৪৬ তম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের সম্ভাব্য মনোনয়ন হতে নাম কর্তনের নিমিত্ত স্ব-ব্যাখ্যায়িত আবেদনপত্র দাখিল করেন। উল্লিখিত কর্মকর্তার দাখিলী আবেদনসহ সংযুক্তিয় কাগজাদী মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অত্রসহ অগ্রগামী করা হইল।

সংযুক্তি ঃ
১। সংশ্লিষ্ট কর্মকর্তার দাখিলী আবেদনসহ
সংযুক্তিয় কাগজাদী ০২(দুই) সেট।

আপনার অনুগত

৩১/৫/২২

(মোঃ শহীদুল ইসলাম)
সিনিয়র জেলা ও দায়রা জজ
রংপুর।

Scanned with CamScanner